

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.irespow-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০. ৯৬৬.০০.১৭১.২২- ২২৫

তারিখঃ ২৫/১১/২০২৪ খ্রি.

বিষয়: কাউখালী উপজেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন কালে প্রাপ্ত তথ্যসমূহের বিপরীতে ব্যবস্থা গ্রহণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পভুক্ত পিরোজপুর জেলার কাউখালী উপজেলায় সহকারী পরিচালক জনাব মোঃ ইয়ারুল ইসলাম এর পরিদর্শনকালে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে ক্ষেত্রে নিম্নোক্ত অসংগতি পরিলক্ষিত হয়েছে।

- ১) ঋণ ফাইল পর্যবেক্ষণকালে দেখা যায় যে, ঋণ ফাইলের নোটাংশে ইউআরডিও মহোদয়ের স্বাক্ষর নাই।
- ২) প্রকল্পের ব্যাংক হিসাব এর ক্যাশবহি ও স্টেটমেন্টসহ বিল ভাউচার যাচাই কালে দেখা যায় যে, কিছু বিল ভাউচার অসম্পন্ন রয়েছে এবং বিল প্রদান করা হলেও তা পাশ করা হয়নি।
- ৩) বেতন ভাতা হিসাব ও আদায়কৃত সেবামূল্য হতে বেতন ভাতার (বিভাজন) হিস্যা সংক্রান্ত রেজিস্টার যাচাই কালে দেখা যায় যে, বিগত জুলাই আগষ্ট ও সেপ্টেম্বর এর হিসাবে গরমিল রয়েছে এ বিষয়ে হিসাব সহকারী নিকট এর কারণ জানতে চাইলে তিনি কিছুক্ষণ পর জানান, স্যার বিগত সময়ে বেতন ভাতার বিভাজনে এক্সেল শীটে সূত্র পরিবর্তন করা হয় নি, যে কারণে আমার অনিচ্ছাকৃত এই ভুল হয়েছে মর্মে স্বীকার করেন।

উপরোক্ত অসংগতি সমাধানের অগ্রগতি প্রতিবেদন পত্রপ্রাপ্তির ৫ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



এ, এস, এম, সোলায়মান
উপপ্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি

উপজেলাঃ কাউখালী, জেলাঃ পিরোজপুর।

স্মারক নং ৪৭.৬২.০০০০. ৯৬৬.০০.১৭১.২২-

অনুলিপি বিতরণঃ

০১। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি।


০২। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর।

০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।

০৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কাউখালী, জেলাঃ পিরোজপুর।

০৫। সংশ্লিষ্ট নথি।

তারিখঃ ২৫/১১/২০২৪ খ্রি.



মোঃ ইয়ারুল ইসলাম
সহকারী পরিচালক